ফাতওয়া নাম্বার:২৯৩ প্রকাশকালঃ০৫-১০-২০২২ইং

সেলুনে কাজ করার বিধান কী?

প্রশ্ন:

বর্তমানে হেয়ার কাটিং সেলুনে কাজ কীভাবে করা যাবে? যেখানে দাড়ি মুণ্ডন করতে হয়। এ বিষয়ে জানালে অনেক উপকৃত হবো।

প্রশ্নকারী- আহমদ

উত্তর:

বর্তমানে প্রচলিত সেলুনগুলোতে অনেক শরীয়ত পরিপন্থি কাজ করতে হয়, যেমন দাড়ি মুণ্ডানো, বিজাতিদের অনুকরণে নাজায়েয পদ্ধতিতে চুল ছাটা ইত্যাদি। বরং আমাদের দেশের সেলুনগুলোতে এগুলোই প্রধান কাজ। এসব কাজ নিজের জন্য করানো যেমন নাজায়েয, অন্য কাউকে করে দেয়াও নাজায়েয। সুতরাং এ অবস্থায় সেলুনে কাজ করার অবকাশ নেই। তবে কেউ যদি শরীয়তের গণ্ডির ভেতরে থেকে বৈধভাবে চুল কাটার কাজ করতে পারে এবং দাড়ি কামানোসহ অন্যান্য নাজায়েয কাজ থেকে বিরত থাকতে পারে, যেমন কাবা শরীফের আশপাশের অনেক সেলুনে সাধারণত শুধু মুহরিমদের মাথা মুণ্ডন ও ছাটার কাজ করা হয় (যদিও তা আমাদের দেশে অসম্ভবপর প্রায়), তবে তার জন্য সেলুনে কাজ করা জায়েয হবে।

(وَكُرِهَ إِلْبَاسُ الصَّبِيِّ ذَهَبًا أَوْ حَرِيرًا) فَإِنَّ مَا حَرُمَ لُبْسُهُ وَشُرْبُهُ حَرُمَ إِلْبَاسُهُ وَإِشْرَابُهُ. – الدر المختار على صدر حاشية ابن عابدين (رد المحتار) (6/ 362)، ط. دار الفكر

وَلَا يَجُوزُ لِلْوَلِيِّ إِلْبَاسُهُ الْحَرِيرَ وَالذَّهَبَ، وَلَا أَنْ يَسْقِيَهُ الْخَمْرَ، وَلَا أَنْ يُجْلِسَهُ لِلْبَوْلِ وَالْغَائِطِ مُسْتَقْبِلًا أَوْ مُسْتَدْبِرًا، وَلَا أَنْ يُخَضِّبَ يَدَهُ أَوْ رِجْلَهُ بِالْحِنَّاءِ. – الأشباه والنظائر لابن نجيم (ص: 267)، ط. دار الكتب العلمية

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৫-০৩-১৪৪৪ হি.

২২-১০-২০২২ ঈ.